

খেলা

১০ জনের সুইজারল্যান্ডকে হারিয়ে সেমিফাইনালে 'অপ্রতিরোধ্য' আর্জেন্টিনা



প্রতিবেদক: প্রোব ক্রীড়া ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



টাইব্রেকারের শঙ্কা যখন জেঁকে বসেছিল আর্জেন্টাইন শিবিরে, ঠিক তখনই দ্রোহ হয়ে এলেন লিওনেল মেসি। অতিরিক্ত সময়ের একেবারে শেষ মুহূর্তে তার চোখধাঁধানো এক গোল এবং ইনজুরি টাইমে লাউতারো মার্তিনেসের লক্ষ্যভেদে সুইজারল্যান্ডকে ৩-১ ব্যবধানে হারিয়ে বিশ্বকাপের সেমিফাইনাল নিশ্চিত করল আলবিসেলেস্তেরা।

১০ জনের লড়াই সুইসদের প্রতিরোধ ভেঙে শেষ মুহূর্তের এই জোড়া গোলে উল্লাসে মাতল মেসিবাহিনী। এর আগে ম্যাচের শুরু থেকেই চেনা ছন্দে আক্রমণ শানাতে থাকে আর্জেন্টিনা। নবম মিনিটেই কর্নার পায় তারা। কর্নার থেকে একেবারে মাপা শট নেন কাপ্তান লিওনেল মেসি।

সুইসদের দীর্ঘদেহী ডিফেন্ডারদের ফাঁকি দিয়ে গোল পেতে হলে অনেকটা লাফাতে হতো ম্যাক অ্যালিস্টারকে। তবে তার সামনে থাকা সুইস ডিফেন্ডার ম্যানুয়েল আকানজি লাফিয়েও বলের নাগাল পাননি। সেই সুযোগটাই কাজে লাগান অ্যালিস্টার। দ্বিতীয় বার ঘেঁষে বল যখন জালে জড়ায়, সুইস গোলরক্ষক গ্রেরগ কোবেলের কেবল তাকিয়ে দেখা ছাড়া আর কিছুই করার ছিল না।

এই ১-০ ব্যবধানে এগিয়ে থেকেই প্রথমার্ধ শেষ করে আর্জেন্টিনা। দ্বিতীয়ার্ধের শুরুতেই সমতায় ফিরতে মরিয়া হয়ে ওঠে সুইজারল্যান্ড। ডান দিক থেকে ৩৬ বল পেয়ে বক্সে ঢুকে পড়েন ব্রিল এস্বোলো। তিনি বল বাড়িয়ে দেন বাঁ দিকে থাকা এনদোয়ের উদ্দেশ্যে। এনদোয়ে শট নিলেও লিসান্দ্রো মার্তিনেস দুর্দান্ত এক ব্লকে আর্জেন্টিনাকে রক্ষা করেন। অবশ্য গোল হলেও সেটি বৈধ হতো না, কারণ তার আগেই এস্বোলোর অফসাইডের পতাকা তুলেছিলেন লাইস্ম্যান।

কিছুক্ষণ পর আবারও আক্রমণ। বাঁ দিক থেকে ভেসে আসা ক্রস দূরের পোস্টে হেড করেন এনদোয়ে। তবে বাজপাখির মতো ডান দিকে ঝাঁপিয়ে পড়ে বল আটকে দেন আর্জেন্টাইন গোলরক্ষক এমিলিয়ানো মার্তিনেজ। এরপর বক্সের বাইরে প্রায় ৩০ মিটার দূর থেকে সুইস মিডফিল্ডারের এক জোরালো শট মার্তিনেসের সামনে ড্রপ খেয়ে দিক পাল্টালেও দক্ষতার সঙ্গে তা রুখে দেন এই গোলরক্ষক।

আক্রমণের ধারাবাহিকতায় ৬৭ মিনিটে কাজ্জিত গোলের দেখা পায় সুইজারল্যান্ড। বাঁ দিকে রদ্রিগেজের সঙ্গে চমৎকার ওয়ান-টু খেলে বক্সে ঢুকে পড়েন এনদোয়ে। কোণাকুনি শটে পরাস্ত করেন মার্তিনেসকে। বল দূরের পোস্ট দিয়ে জালে জড়ালে উল্লাসে মাতে সুইস শিবির।

গোল করার ঠিক ৫ মিনিট পর বড় ধাক্কা খায় সুইজারল্যান্ড। ফাউলের অভিনয় করার দায়ে দ্বিতীয় হলুদ কার্ড (লাল কার্ড) দেখে মাঠ ছাড়তে হয় সুইস ফরোয়ার্ড এস্বোলোর। এর আগে ৬৯ মিনিটে রেফারি লিয়ান্দ্রো পারেদেসকে হলুদ কার্ড দেখালেও, ভিএআর রিভিউতে দেখা যায় দুজনের মধ্যে কোনো সংস্পর্শই হয়নি। ফলে ফাউলের অভিনয় করায় শাস্তি পান এস্বোলো।

১০ জনের দলে পরিণত হওয়া সুইজারল্যান্ডের ওপর আক্রমণের স্টিমরোলার চালায় আর্জেন্টিনা। ৯০ মিনিটে নিকো গঞ্জালেজের ক্রস থেকে ম্যাক অ্যালিস্টারের হেড গোলবারের ওপর দিয়ে চলে যায়।

যোগ করা সময়ে বক্সের বাইরে বল পেয়ে ডান দিকে কাট ইন করে জোরালো শট নেন মেসি। কিন্তু বলটি বিপজ্জনকভাবে বাঁক খেয়ে পোস্টের সামান্য বাইরে দিয়ে চলে যায়। ম্যাচের একেবারে শেষ মুহূর্তে মেসির কর্নার থেকে বক্সের ভেতর জটলার সৃষ্টি হলে লিসান্দ্রো মার্তিনেস একটি অ্যাক্রোবেটিক কিক নেন। তবে সুইস কিপার কোবেল সহজেই তা লুফে নিলে সমতাতেই শেষ হয় নির্ধারিত সময়ের খেলা।

এ বিভাগের আরও খবর



কাঁদতে কাঁদতে মেসি বললেন, [বিদায় বলার এটাই সঠিক সময়]
২১ বছরের দীর্ঘ আন্তর্জাতিক ক্যারিয়ারের ইতি টানলেন লিওনেল আন্দ্রেস মেসি। আর্জেন্টিনার জার্সিতে কিংবদন্তি এই ফুটবলারের শেষ ম্যাচটি হয়ে উঠল আবে...



১২৬ গোলের আন্তর্জাতিক ক্যারিয়ার শেষ করলেন মেসি
জাতীয় দল থেকে অবসরের সিদ্ধান্ত আগেই জানিয়েছিলেন লিওনেল আন্দ্রেস মেসি। বুধবার সারা বিশ্বের কোটি সমর্থকের সামনে মাঠে নেমে আনুষ্ঠানিকভাবে বিদায়...



সুলতানপুরে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনালে যৌথ চ্যাম্পিয়ন দুই দল
ব্রাহ্মণবাড়িয়ার সুলতানপুরে ইকরামুল হক (কবেল) চেয়ারম্যান গ্রন্থাস, মাদক আসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের সার্বিক আয়োজন ও তত্ত্বাবধানে অ...



শ্রীলঙ্কার কাছে হেরে ব্রোঞ্জও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটম দাস। তবে সেই স্বপ্ন তো পূরণ হয়নি, এমন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/sports/10-jner-sujarjandke-hariye-semifainale-optirodhj-arjentina>